

Claudio Damiani

*Quando io mi siedo qui*

যখন আমি এখানে এসে বসি , ঠিক এই  
বিশাল জনপথের ছোট দেওয়ালটার সামনে ...  
যেখান থেকে কিছুই প্রায় চোখে পড়েনা ,  
যেখান থেকে কোনো দৃশ্যই দৃশ্যমান হয়না  
তখন আমি যে কোনো এক বিন্দুতে  
চোখ রেখে দেখতে পাই  
আমি বসে আছি , কিছুক্ষণের জন্য আমার  
চলার গতিও থমকে গেছে ।  
আমি দেখতে পাচ্ছি আমার চোখের সামনে  
থাকা একটি গাছের ডালকে ...  
যা সবুজ কচি পাতায় এমনভাবে সেজেছে  
যা দেখে মনে হচ্ছে যেন সে গয়না পরে আছে ।

এই গাছের পাশেই রয়েছে এক বিশাল বীচ গাছ ।

আমি এই দুই গাছের নিস্তরুতা উপভোগ করছি ।

তাদের পাতার দুলুনি উপভোগ করছি ।

আর এই বিশাল জনপথ আর মাটির

নিস্তরুতা অনুভব করছি ...

ঠিক তারই মাঝে মৌমাছির গুঞ্জন

আমার কানে আসছে যা ক্রমশ বেড়েই চলেছে ,

এই পৃথিবীর সমস্ত কিছুই যেন আস্তে আস্তে নড়ছে  
চড়ছে ,

ঠিক সমুদ্রের জলরাশির মতো , ঠিক গলন্ত লাভার  
মতো ,

শুধু আমি সেই জ্বলন্ত আগ্নেয়গিরির মাঝে বসেও শান্ত ।

যেন মনে হয় কোনো এক অলৌকিকতা

আমায় এই তীর উত্তাপ সহনের শক্তি দিয়েছে ,

এই কানে তালা ধরানো আওয়াজ হওয়া সত্ত্বেও

আমি এখনো নিস্তরুতা অনুভব করতে পারছি ।

ঠিক যেন এই সময় জলস্রোতের মতো বয়ে চলেছে ,

সে বহতা নদী যেন আমার খুব কাছের

আবার একইসাথে বহুদূরেরও ...  
কে জানে সে কোথায় চলেছে ॥

(Traduzione - Amrita Chaudhuri )